# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৬০

২৪/ অভিযান (كتاب السير عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ অশ্বের হিস্যা।

## باب مَا جَاءَ فِي سَهْمِ الْخَيْلِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، وَحُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، قَالاَ حَدَّثَنَا سُلَيْمُ بْنُ أَخْضَرَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَسَمَ فِي النَّفَلِ لِلْفَرَسِ بِسَهْمَيْنِ وَلِلرَّجُلِ بِسَهْمٍ .
حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، عَنْ سُلَيْمِ بْنِ أَخْضَرَ، نَحْوَهُ . وَفِي الْبَابِ عَنْ مُجَمِّعِ بْنِ جَارِيَةَ، وَابْنِ، عَبَّاسٍ وَابْنِ أَبِي عَمْرَةَ عَنْ أَبِيهِ، . وَهَذَا حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَالأَوْزَاعِيِّ وَمَالِكِ بْنِ أَنَسٍ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا لِلْفَارِسِ ثَلاَثَةُ أَسْهُمٍ سَهْمٌ لَهُ وَسَهْمَانِ لِفَرَسِهِ وَلِلرَّاجِلِ سَهْمٌ .

বাংলা

১৫৬০। আহমাদ ইবনু আবদা যাববী ও হুমায়দ ইবনু মাসআদা (রহঃ) ... ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গনীমত বা যুদ্ধ সম্পদের অশ্বের জন্য দুই হিস্যা এবং অশ্ব মালিকের জন্য এক হিস্যা করে বণ্টন করেছেন। সহীহ, ইবনু মাজাহ ২৮৫৪, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৫৪ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... সুলায়মান ইবনু আখযার (রহঃ) থেকে অনুরূপ বর্ণনা করেছেন। এই বিষয়ে মুজাম্মা’ ইবনু জারিয়া, ইবনু আব্বাস, ইবনু আবূ আমরা তৎপিতা রাদিয়াল্লাহু আনহু সূত্রেও হাদীস বর্ণিত আছে।

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। অধিকাংশ সাহাবী ও অপরাপর আলিম এতদনুসারে আমল করেছেন। এ হল সুফইয়ান ছাওরী, আওযাঈ, মালিক ইবনু আনাস, ইবনু মুবারক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। তারা বলেন, অশ্বারোহী সৈন্যের হল তিন হিস্যা তার

নিজের আর অশ্বের খাতিরে হল দুই হিস্যা। পদাতিক সৈন্যের হল এক হিস্যা।

## English

Narrated Ibn 'Umar:
"The Messenger of Allah (ﷺ) divided the spoils as two shares for the horse and one share for the man."

Another chain with similar meaning.

There are narrations on this topic from Mujammi' bin Jariyah, Ibn 'Abbas, and Ibn Abi 'Amrah from his father. This Hadith of Ibn 'Umar is a Hasan Sahih Hadith. This is acted upon according to most of the people of knowledge among the Companions of the Prophet (ﷺ) and others.

This is the view of Sufyan At-Thawri, Al-Awzai', Malik bin Anas, Ibn Al-Mubarak, Ash-Shafi'i, Ahmad and Ishaq. They said that the horsemen gets three shares, one share is for him and two shares for his horse. The foot soldiers get one share.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22069

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন